গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নং-০৫.৮১.১৫০০.০০২.০১.০০৯.০৭-- ৮৭৬ তারিখঃ ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি

বিষয়ঃ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক সম্পাদিত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করণ সংক্রান্ত।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড প্রজাতন্ত্রের অসামরিক কর্মে নিয়োজিত এবং বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত, অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যসহ প্রায় ১ (এক) কোটি লোকের আর্থসামাজিক নিরাপত্তা বিধানসহ তৃণমূল পর্যায়ে অধিকতর কল্যাণ সাধনের লক্ষ্যে বিভিন্ন প্রকার কল্যাণমূলক সেবা প্রদান করে যাচ্ছে। এ সেবা সংক্রান্ত বিষয়ে অধিকাংশ কর্মচারী অবহিত নন। যার ফলে কর্মচারীগণ কল্যাণ বোর্ডের সেবা হতে বঞ্চিত হচ্ছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা সংক্রান্ত তথ্য সম্বলিত একটি সেবা প্রদান নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। এ সাথে প্রেরিত নির্দেশিকাটি আপনার অধিনস্ত সকল কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(খিনওয়ান নু)
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
Email-directorchi@bkkb.gov.bd

পরিচালক.................
পরিবার পরিকল্পনা
চট্টগ্রাম.........

স্মারক নং- জেপপ/নোয়া/২০২৪/ ৮২ তারিখ ঃ- ১১/০১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি /কার্যার্থে প্রেরণ করা হলো।

০১. পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০২. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি)/(ক্লিনিক)(সকল)........................
উপজেলা, নোয়াখালী- আপনার নিয়ন্ত্রনাধীন সকল কর্মচারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
০৩. অফিস কপি।

(ইফতেখার আহমেদ চৌধুরী)
উপপরিচালক(ভারপ্রাপ্ত)
পরিবার পরিকল্পনা, নোয়াখালী।

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**

জনপ্রশাসন মন্ত্রনালয়

বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম

(www.bkkb.chittagongdiv.gov.bd)

# সেবা প্রদান নির্দেশিকা

## ☐ কল্যাণ বোর্ডের সেবা সমূহ

সাধারণ চিকিৎসা অনুদান;

মাসিক কল্যাণ অনুদান;

যৌথবীমার এককালীন অনুদান; (কর্মরত অবস্থায় মৃত্যুতে)

দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান;

চিকিৎসা সহায়তা

শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা (১৩-২০ গ্রেড);

শিক্ষাবৃত্তি (অক্ষম, মৃত ও অবসরপ্রাপ্ত সকল গ্রেড);

অফিস যাতায়াতে পরিবহন সুবিধা;

মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ;

ক্লাব/কমিউনিটি সেন্টারের বার্ষিক অনুদান;

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা।

## ☐ সেবাগ্রহীতা

সরকারী ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মরত/অক্ষম/ অবসর প্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারী এবং পরিবারের সদস্য।

## ☐ বোর্ডের ই-অনুদানসমূহ

শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা (১৩-২০);

শিক্ষাবৃত্তি (অক্ষম, মৃত ও অবসরপ্রাপ্ত সকল গ্রেড);

মাসিক কল্যাণ অনুদান;

যৌথবীমার এককালীন অনুদান;

দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান (কর্মচারীর মৃত্যুতে);

দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান (কর্মচারীর সদস্যের মৃত্যুতে)।

চিকিৎসা সহায়তা

# কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান

* http://sss.bkkb.gov.bd/ অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd এর "কল্যাণ-যৌথ-দাফন অনুদানের অনলাইন আবেদন দাখিল" লিংকটিতে ক্লিক করে আবেদন করতে হবে (বিস্তারিত ওয়েবসাইটে দ্রষ্টব্য)।
* সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মরত/অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারী এবং পরিবারের সদস্যগণ আবেদন করতে পারবেন।

* অনুদান প্রাপ্যতা

**মাসিক কল্যাণ অনুদানঃ**

(ক) শারীরিক বা মানসিক অসুস্থতাজনিত কারণে কোন কর্মচারী চাকরি হতে অপসারিত হলে বা অবসর গ্রহণ করলে তিনি নিজে আবেদন করতে পারবেন।

(খ) চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অবসর গ্রহণের তারিখ থেকে ১০ (দশ) বছরের মধ্যে মৃত্যুবরণ করলে কর্মচারীর পরিবার ১৫ (পনের) বছর অথবা কর্মচারীর অবসর গ্রহণের তারিখ থেকে ১০ (দশ) বছর পর্যন্ত , যেটি আগে হয়,কর্মচারীর পরিবার ১০ বছরের অবশিষ্ট সময় মাসিক কল্যাণ অনুদান প্রাপ্য হবেন।

(গ) অক্ষমতাজনিত কারণে কোন কর্মচারী চাকরি হতে অবসর গ্রহণ করলে বয়স ৬৯ এবং সর্বোচ্চ ১৫ বছর পর্যন্ত যেটি আগে হয়, মাসিক কল্যাণ অনুদান প্রাপ্য হবেন।

(ঘ) পুলিশ (১-১০) গ্রেডের মধ্যে হয়ে থাকলে মৃত্যুজনিত কল্যাণ ভাতা ও যৌথবীমা প্রাপ্য হবেন এবং (১১-২০) গ্রেডের পুলিশ কর্মচারী শুধুমাত্র যৌথবীমা প্রাপ্য হবেন।

**যৌথবীমাঃ**

চাকরিরত/পিআরএল ভোগরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারী পরিবার এই অনুদান প্রাপ্য হবেন।

**দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদানঃ**

(ক) সরকারি কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায়/অবসরের পর কর্মচারীর ৭৫ বছর বয়সের মধ্যে মৃত্যুর ক্ষেত্রে তার পরিবার অথবা তার সাথে সম্পর্কিত ব্যক্তি যিনি কর্মচারীর দাফন/সৎকারের ব্যয়ভার বহন করেছেন (স্থানীয় ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত এবং কর্মচারীর অফিস কর্তৃপক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যয়ভার বহনের প্রত্যয়নপত্র)

(খ) চাকরিরত সরকারি কর্মচারীর পরিবারের কোন সদস্যের মৃত্যুর ক্ষেত্রে কর্মচারী; এবং

(গ) বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার অবসরপ্রাপ্ত কর্মচারী কিংবা তার পরিবারের সদস্যের মৃত্যুর ক্ষেত্রে (কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত) তার পরিবার বা তিনি।

(ঘ) কল্যাণ বোর্ডের বিধি মোতাবেক ডাক ও তার টেলিফোন, পুলিশ, বিজিবি, আনসার দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রাপ্যতা নাই।

* **অনুদান পরিমাণঃ**

কল্যাণ ভাতাঃ মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে সর্বোচ্চ ১৫ (পনেরো) বছর পর্যন্ত।

যৌথবীমাঃ সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা

দাফন/অন্ত্যেষ্টিক্রিয়াঃ

চাকরিরত/অবসরপ্রাপ্ত অবস্থায় কর্মচারীর মৃত্যুতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা

কর্মচারীর পরিবারের সদস্যের মৃত্যুতে ১০,০০০/- (দশ হাজার) টাকা

## সাধারণ চিকিৎসা অনুদান

* কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd থেকে ফরম নং-১ ডাউনলোড করা যায়।
* সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত, অক্ষম, অবসরপ্রাপ্ত, মৃত কর্মকর্তা কর্মচারী ও তাদের পরিবারবর্গের ক্ষেত্রে প্রতি বছর একবার চিকিৎসা সাহায্যের জন্য আবেদন করা যায়। চিকিৎসা গ্রহণের তারিখ হতে অনধিক ২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে।
* কর্মকর্তা-কর্মচারীকে আজীবন এবং কর্মকর্তা-কর্মচারীর বয়স ৭৫ বছর পর্যন্ত পরিবারের সদস্যগণকে এ অনুদান প্রদান করা হয়।
* রোগের ধরন অনুযায়ী বিশেষজ্ঞ চিকিৎসকের অভিমতে অনুদানের পরিমাণ সর্বোচ্চঃ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।

## জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান

* কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীর নিজের চিকিৎসার জন্য (জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে চাকরি জীবন এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা আর্থিক অনুদান শুধুমাত্র প্রধান কার্যালয় হতে প্রদান করা হয়।

**জটিল ও ব্যয়বহুল রোগসমূহঃ**

ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস, ডায়াবেটিস-মেলিটাস, পক্ষাঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হওয়া এবং এ সংক্রান্ত মেডিকেল বোর্ড কর্তৃক জটিল ও ব্যয়বহুল রোগ বলে চিহ্নিত যে কোন রোগও এর অর্ন্তভুক্ত হবে।।

* কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd থেকে ফরম নং-৮ ডাউনলোড করা যায়। (বিস্তারিত ওয়েবসাইটে দ্রষ্টব্য)

## শিক্ষাবৃত্তি/শিক্ষাসহায়তা অনুদান

* http://eservice.bkkb.gov.bd/ অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.bkkb.gov.bd এর "শিক্ষাবৃত্তি অনলাইন আবেদন দাখিল" লিংকেটিতে ক্লিক করে আবেদন করতে হবে।
* ১৩-২০ গ্রেড কর্মরত সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তানের জন্য যারা ৬ষ্ঠ শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত এবং সরকারি ও তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত সংস্থার সকল গ্রেডের অক্ষম, অবসর প্রাপ্ত ও মৃত কর্মচারীর অনধিক ২ (দুই) সন্তান যারা ৯ম শ্রেণি থেকে সর্বোচ্চ পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য আবেদন করা যায়।
* প্রতি বছর অনলাইনে প্রাপ্ত আবেদনের মধ্যে মোট যোগ্য ছাত্রছাত্রীর সংখ্যা এবং মোট বরাদ্দকৃত অর্থ অনুপাতে শিক্ষাবৃত্তির হার নির্ধারণপূর্বক অনুদান প্রদান করা হয়।

## বাস সেবা

* প্রতি কিলোমিটার হিসেবে নির্ধারিত ভাড়ার বিনিময়ে অনলাইনে ই-টিকেটিং আবেদনের মাধ্যমে অফিসে যাতায়াতের ক্ষেত্রে এই সুবিধা প্রদান করা হয়।
* সাপ্তাহিক ছুটি ও সরকারি যে কোন ছুটির দিনে নির্দিষ্ট ভাড়ার বিনিময়ে বাস ভাড়া প্রদান করা হয়।

eservice.bkkb.gov.bd/eticketing
ই-টিকেটিং এর মাধ্যমে স্টাফ বাস পরিবহন সেবা

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা সম্পর্কিত
বিভিন্ন তথ্য পেতে হেল্প লাইনে যোগাযোগ করুন
+৮৮০৯৬৫৫৬৬৬১১১
হটলাইন নম্বর ১৬১০৯
(অফিস চলাকালীন সময় সকাল ৯টা-বিকেল ৪টা)

**ওয়েব সাইট**

**প্রধান কার্যালয়ঃ**
**www.bkkb.gov.bd**
**বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।**
**www.bkkb.chittagongdiv.gov.bd**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

## জনপ্রশাসন মন্ত্রণালয়

বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম।

মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম এর

## চলমান কোর্স সমূহ

(সেশনঃ জানুয়ারী-মার্চ, এপ্রিল-জুন, জুলাই- সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর)

| কম্পিউটার বেসিক কোর্স | কোর্সের মেয়াদ ও কোর্স ফি | প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি |
|---|---|---|

### কোর্সের বিষয়

- Microsoft Word
- Microsoft Excel
- Microsoft Access
- Microsoft Power Point
- Bangla & English Type

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৩মাস
কোর্স ফি-১০০০/-

**প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি**



### কম্পিউটার গ্রাফিক্স কোর্স

- Adobe Illustrator
- Adobe Photoshop
- Internet & E-mail Browser

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৩মাস
কোর্স ফি-১০০০/-

**প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি**



### ফ্রিল্যান্সিং কোর্স

- Web Design & Development
- Search Engine Optimization ( SEO) & Degital Marketing Course

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৪ মাস
কোর্স ফি-১০০০/-

**প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি**



| কোর্সের বিষয় | কোর্সের মেয়াদ ও কোর্স ফি | প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি |
|---|---|---|

## সেলাই কোর্স

- ইলাস্টিক প্যান্ট
  (ছেলেদের ও মেয়েদের)
- সেলোয়ার
  (এক ছাটের, কলিদার, চুড়িদার)
- ফ্রক
  (কুঁচি, বেবী, ম্যাগী, ফুস, চাউনিজ হাতা রাউন্ড)
- ব্লাউজ
  (সাধারণ, ব্রা কাট, হাই নেক)
- অন্যান্য
  (৬ ছাটের পেটিকোট, ৬ ছাটের কামিজ, সাধারণ কামিজ, ফতুয়া, মেক্সী)

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৩ মাস
কোর্স ফি-১০০০/-



## কনফেকশনারী কোর্স

- কেক
  (প্লেইন কেক, ফ্রুট কেক, মার্বেল কেক, বার্থডে কেক,
  পাইন আপেল কেক জ্যামরোল)
  সাধারন পুডিং, ছানার পুডিং, চকলেট পুডিং, পাউরুটি
- পেটিস
  (বিফ, চিকেন, সবজি) বার্গার, পিৎজা, মোমো)
- বন
  (বাটার, চিকেন, সবজি)
- রোল
  (বিফ, চিকেন, সবজি) সিঙ্গারা, সমুচা, অনথন, বিভিন্ন পরোটা,
- বিস্কুট
  (মিষ্টি, নোনতা, বাদাম, হরলিক্স, নানখাতাই, চকলেট।

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৩ মাস
কোর্স ফি-১০০০/-

**প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি**



## বিউটিফিকেশন কোর্স

১। ভ্রু প্লাগ ২। মেনিকিউর ৩। পেডিকিউর
৪। অয়েল ম্যাসাজ ৫। হেয়ার ট্রিটমেন্ট
৬। হেয়ার কাট ৭। স্কিন সম্পর্কে ধারণা
৮। প্রোডাক্ট নলেজ ৯। বেসিক ফেসিয়াল
১০। পার্টি মেকাপ ১১। ২ ধরনের শাড়ি পরানোর নিয়ম
১২। হেয়ার স্টাইল ১৩। নাক-কান ফোঁড়ানো
১৪। মেহেদী দেয়ার নিয়ম।

**কোর্সের মেয়াদ ও কোর্স ফি**

কোর্সের মেয়াদ-৩ মাস
কোর্স ফি-১০০০/-

**প্রশিক্ষণ কেন্দ্র ও কার্যক্রমের ছবি**



## যোগাযোগ

# মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র

**সি.জি.এস.(মসজিদ) কলোনি, আগ্রাবাদ, চট্টগ্রাম।**

## জরুরী প্রয়োজনে ঃ

কম্পিউটার বেসিক ও গ্রাফিক্স ঃ ০১৭৫০০৪৮৪৮১
ব্লিল্যান্সিং কোর্স ঃ ০১৭৫০০৪৮৪৮১
সেলাই কোর্স ঃ ০১৮১৭৭৭৪৯৮৭। কনফেকশনারী ঃ ০১৫৩৭৭৩৯১৭২
বিউটিফিকেশন কোর্স ঃ ০১৬৪৫২৯২৭০০ এবং ০১৮১৪৪৪৮২৬১

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।**